দীর্ঘ পাসওয়ার্ড কতটা সুরক্ষিত

মেইল বা সামাজিক যোগাযোগমাধ্যমের অ্যাকাউন্ট হ্যাক হবে—এমন জটিলতা নিয়ে অনেকেই চিন্তিত। ফিশিং লিংক বাদেও আপনার ফোনে ম্যালওয়ার এলেই হলো। আর এসবের দায় অনেক সময় মেইল, ফেসবুক বা ব্যাংক অ্যাকাউন্টের অনলাইন সার্ভিসের ত্রুটি বা নিরাপত্তা ঘাটতির কারণে হয়। আবার অনেক সময় আপনার নিজের অসাবধানতাও দায়ি।

সংঘবদ্ধ চক্র হাতিয়ে নেয় গুরুত্বপূর্ণ তথ্য ও অর্থ। তাই হ্যাকিং থেকে রক্ষা পেতে অনেকে দীর্ঘ পাসওয়ার্ড ব্যবহার করেন। মেইল সার্ভিসগুলোও আপনাকে একই কথা বলবে। কিন্তু এই দীর্ঘ পাসওয়ার্ড আপনায় কতটা নিরাপত্তা দিতে পারে? প্রযুক্তি গবেষণাভিত্তিক প্রতিষ্ঠান স্পেকপস আপনাকে সে উত্তরই দিয়েছে।

তাদের মতে, দীর্ঘ পাসওয়ার্ড ছোট পাসওয়ার্ডের চেয়ে বেশি সুরক্ষা দেয়। তবে দীর্ঘ পাসওয়ার্ড হ্যাকড হয়ে যাওয়ারও অনেক ঘটনা আছে। স্পেকপস সম্প্রতি ৮০ কোটির বেশি হ্যাকড পাসওয়ার্ড নিয়ে গবেষণা করেছে। এসব পাসওয়ার্ডের নানা দিক খতিয়ে দেখা হয়েছে। প্রতিবেদনটিতে দেখা গেছে, ৮০ কোটির মধ্যে ২১ কোটি ২৫ লাখ পাসওয়ার্ডের ক্যারেক্টর ছিল আটটি। তার অর্থ হলো, হ্যাকড হয়ে যাওয়া পাসওয়ার্ডগুলোর প্রায় ৮৫ শতাংশ ১২ ক্যারেক্টরের কম।

মাইক্রোসফটের সিস্টেম সফটওয়্যার বা অ্যাকটিভ ডিকশনারিতে আট ক্যারেক্টরের পাসওয়ার্ডকে ডিফল্ট পাসওয়ার্ড হিসেবে দেখা হয়। অর্থাৎ এটা একটা দুর্বল পাসওয়ার্ড, যা যে কোনো সময় হ্যাকড হতে পারে। স্পেকপস ১২ ক্যারেক্টরের বেশি দীর্ঘ পাসওয়ার্ডকে শক্তিশালী পাসওয়ার্ড মনে করে। কিন্তু এই ধরনের পাসওয়ার্ড খোয়া যাওয়ার শঙ্কাও অনেক বেশি। গবেষণা প্রতিবেদন জানাচ্ছে, হ্যাকড হয়ে যাওয়া পাসওয়ার্ডগুলোর মধ্যে ১২ কোটি ১৫ লাখ পাসওয়ার্ড ছিল ১২ বা তার বেশি ক্যারেক্টরের। অন্যদিকে ১৬ ক্যারেক্টরের বেশি দীর্ঘ হয়েও হ্যাকড হয়েছিল প্রায় ৩ কোটি ১১ লাখ পাসওয়ার্ড।

দীর্ঘ পাসওয়ার্ড হ্যাকড হওয়ার ঝুঁকি থাকলেও তা আপনার অ্যাকাউন্টকে এখনো ছোট পাসওয়ার্ডের তুলনায় বেশি সুরক্ষা দেয়। স্পেকপসের জ্যেষ্ঠ্য প্রোডাক্ট ম্যানেজার ড্যারেন জেমস বলেন, দীর্ঘ পাসওয়ার্ড তুলনামূলকভাবে ভালো। এটা আইটি বিশেষজ্ঞদের জন্য নতুন কোনো খবর নয়। তবে, দীর্ঘ পাসওয়ার্ড সত্ত্বেও বিভিন্ন

ধরনের টোপ (ফিশিং) আপনার সুরক্ষিত ইমেইলে ঢুকে পড়তে পারে। এটাকে ব্যবহার করে আপনার পাসওয়ার্ড হ্যাকড হয়ে যেতে পারে।

সূত্র: স্পেকপস

প্রাথমিক সার্চ ইঞ্জিন বদলের চিন্তা অ্যাপলের

সার্চ ইঞ্জিনের মধ্যে গুগলের জনপ্রিয়তা সবচেয়ে বেশি। তাই প্রায় সব স্মার্টফোন ও কম্পিউটার গ্যাজেট কোম্পানি তাদের ডিভাইসে গুগলকে ডিফল্ট সার্চ ইঞ্জিন হিসেবে ব্যবহার করে। আর স্মার্টফোন মানেই গুগল ক্রোম নামানো। স্মার্টফোনের জন্য ক্রোমের চেয়ে উপাদেয় ব্রাউজার আর নেই। সেই গুগলকে বদলের কথা ভাবছে অ্যাপল।

নিজস্ব ডিভাইসে থার্ড পার্টি প্রযুক্তি ব্যবহারের বিষয়ে অ্যাপল বরাবরই অনাগ্রহী। পারতপক্ষে ডিভাইসে গুগলের পরিবর্তে নিজস্ব সার্চ ইঞ্জিন ব্যবহারে কাজও করছে অ্যাপল।

ব্লুমবার্গের মার্ক গুরম্যানের মতে, কয়েক বছর ধরে সার্চ প্রযুক্তির উন্নয়নে কাজ করছে প্রযুক্তি জায়ান্টটি। তবে এক্ষেত্রে সফল হতে হলে কোম্পানিটিকে আরো সময় ব্যয় করতে হবে বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। প্রযুক্তি-বিশারদদের মতে, অ্যাপল যদি কোনোভাবে নিজস্ব সার্চ ইঞ্জিন চালু করতে পারে তাহলে গুগলের তুলনায় আরো ভালো সমাধান দিতে সমর্থ হবে প্রতিষ্ঠানটি।

গুগল অবশ্য অ্যাপলের ডিফল্ট সার্চ ইঞ্জিন হওয়ার অ্যাপলকে মোটা অঙ্কের টাকা দিয়ে আসছে। তাই অ্যাপলের এই সিদ্ধান্ত গুগলের জন্য উদ্বেগের কারণ হওয়াটা স্বাভাবিক।

সূত্র: টেকরাডার

[redacted]

[redacted]

গুগল মূলত ব্যবহারকারীদের অ্যান্ড্রয়েড স্মার্টফোনে থাকা অ্যাক্সিলারোমিটার সেন্সর সুবিধা ব্যবহার করে থাকে। অ্যাক্সিলারোমিটার ভূমিকম্প উৎপন্ন হওয়ায় প্রাথমিক ‘পি’ তরঙ্গ বা ভূপৃষ্ঠের কম্পন শনাক্ত করতে পারে। অ্যান্ড্রয়েড আর্থকোয়েক অ্যালার্ট সিস্টেম চালু থাকলে ভূপৃষ্ঠের কম্পন শনাক্ত হলেই গুগলের সার্ভারে তথ্য পাঠাতে থাকে স্মার্টফোন।

বিভিন্ন স্মার্টফোন থেকে পাঠানো তথ্য বিশ্লেষণের পর ভূমিকম্পের মাত্রা বুঝে ব্যবহারকারীদের ‘বি অ্যাওয়ার’ও ‘টেক অ্যাকশন’ নামে সতর্কবার্তা পাঠায়। সাধারণত ৪ দশমিক ৫ মাত্রার ভূমিকম্প হলে ‘বি অ্যাওয়ার’ বার্তা পাবেন। এ সময় ভূমিকম্পের সম্ভাব্য উৎপত্তিস্থলের তথ্য জানানোর পাশাপাশি নিরাপদে থাকারও বিভিন্ন পরামর্শ দেয় গুগল। রিখটার স্কেলে ভূমিকম্পের মাত্রা ৪ দশমিক ৫–এর বেশি হলে পাঠানো হয় ‘টেক অ্যাকশন’ নোটিফিকেশন। স্বয়ংক্রিয়ভাবে আপনার ফোনে অ্যালার্ম বাজতে শুরু করবে। আপনাকে নিরাপদ স্থানে যাওয়ার জন্য তাড়া প্রথমে গুগল দেবে। প্রযুক্তির সহায়তায় অন্তত আতঙ্কিত হওয়ার সুযোগ নেই। গুগল আপনাকে প্রয়োজনীয় পরামর্শ দেবে।

সূত্র: ইত্তেফাক

চলে এলো অ্যান্ড্রয়েড ফোরটিন

উপযুক্ত পিক্সেল স্মার্টফোনে অ্যান্ড্রয়েড ফোরটিন আপডেট আসা শুরু করেছে। চলতি নতুন আপডেটে এক্সেসিবিলিটি ও সিকিউরিটিতে বাড়তি মনোযোগ দেওয়া হয়েছে। বিশেষত ইউনিক জেনারেটিভ এআই ফিচার যেমন লাইভ ওয়ালপেপারের মতো ফিচার যুক্ত হয়েছে।

গুগল ২০২৩ ইভেন্টে সম্প্রতি পিক্সেলের নতুন স্মার্টফোন পিক্সেল ৮ উন্মুক্ত হয়েছে। ওই ফোনে অ্যান্ড্রয়েড ১৪ রয়েছে। এছাড়া কিছু বাছাই পিক্সেল ফোনেও নতুন আপডেট দেওয়া হবে।

অ্যান্ড্রয়েড ফোরটিনের জন্য বাছাইকৃত ডিভাইস হলো: পিক্সেল ফোরএ, পিক্সেল ৫, পিক্সেল ৫এ, পিক্সেল ৬, পিক্সেল ৭ প্রো, পিক্সেল ৬এ, পিক্সেল ৭, পিক্সেল ৭এ, পিক্সেল সেভেন এবং পিক্সেল

ইউটিউবের অফিসিয়াল পেজে প্রথম বাংলাদেশি রাফসান

জনপ্রিয় ইউটিউবার ইফতেখার রাফসান ফুড ভ্লগিং দিয়ে যাত্রা শুরু করলেও ট্রাভেল ভ্লগিং, মডেলিংয়েও এখন তিনি বেশ পরিচিত। ইতিমধ্যে ‘রাফসান দ্য ছোটভাই’ নামেই তাকে চেনে সবাই। সম্প্রতি রাফসানের ইউটিউবের অফিসিয়াল ইনস্টাগ্রাম অ্যাকাউন্টে দুটি ছবি শেয়ার করা হয়েছে। ওই পোস্টে বলা হয়েছে, দ্য ছোটভাই বাংলাদেশের প্রতিটি জায়গা থেকে দেশকে প্রতিনিধিত্ব করছেন।

এছাড়া মঙ্গলবার (৩ অক্টোবর) রাত ১১টার দিকে ওই পোস্টটিই নিজের ফেসবুক পেজে শেয়ার করেছেন রাফসান। সেখানে তিনি দাবি করেছেন, প্রথম বাংলাদেশি হিসেবে ইউটিউবের ফিডে স্থান পেয়েছেন।

রাফসান দ্য ছোটভাই ফেসবুক পোস্টে বলেন, আমি কী স্বপ্ন দেখছি? ইউটিউব তাদের অফিসিয়াল ইনস্টাগ্রামে আমাকে নিয়ে পোস্ট করেছে! ইউটিউবের অফিসিয়াল ফিডে প্রথম বাংলাদেশি! আলহামদুলিল্লাহ।

পোস্টে তিনি আরও বলেন, যখন আমি ভিডিও বানানো শুরু করি, তখন থেকেই আমি আন্তর্জাতিক পর্যায়ে বাংলাদেশের প্রতিনিধিত্ব করতে চেয়েছিলাম এবং এই পর্যায়ের স্বীকৃতি পেতে চেয়েছি! ছবির ক্যাপশনটিই আমার লক্ষ্য।

এসময় রাফসান আরও লেখেন, একজন ছোট মানুষের স্বপ্নকে বাস্তবে পরিণত করার জন্য আপনাদের প্রত্যেককে অনেক অনেক ধন্যবাদ।

ছুটির দিনে কী করবেন? জানাবে মেটা এআই

মেটা তার মেসেঞ্জার পরিষেবায় ব্যবহার করার জন্য চ্যাটবট নিয়ে আসছে। এই চ্যাটবট হবে ‘ব্যক্তিত্বসম্পন্ন’। ছুটির দিনে কী করবেন? কী রান্না করবেন? বিশেষজ্ঞ হিসেবে এমন পরামর্শও দেবে এই চ্যাটবট। সম্প্রতি যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়ায় মেটা’র এক ইভেন্টে জুকারবার্গ বলেছিলেন, ‘এআইয়ের জন্য একটি আশ্চর্যজনক বছর! চ্যাটবটগুলো এখনও ‘সীমাবদ্ধতার সাথে’ কাজ করছে।’

প্রতিষ্ঠানটি তার চ্যাটবটকে ‘মেটা এআই’ বলে পরিচিত করছে। যা মেসেজিংয়ে ব্যবহার করা হতে পারে। উদাহরণস্বরূপ, ব্যবহারকারীরা ‘মেটা এআই’-এর কাছে বিভিন্ন প্রশ্ন জিজ্ঞাসা করতে পারবেন।

জুকারবার্গ বলেছেন, ‘এটি কেবল প্রশ্নের উত্তর দেওয়ার জন্য আসবে না। এটি বিনোদনের অনুষঙ্গ হবে।’

মেটা জানিয়েছে, এনএফএল তারকা টম ব্র্যাডি ‘ব্রু’ নামে একটি এআই চরিত্রে অভিনয় করবেন। ক্রীড়া বিতার্কিক এবং ইউটিউব তারকা মিস্টার বিস্ট ‘জাচ’ চরিত্রে অভিনয় করবেন। জুকারবার্গ বলেছেন, ‘বটগুলো কী উত্তর দিতে পারে সে সম্পর্কে এখনও ‘অনেক সীমাবদ্ধতা’ রয়েছে।’

খুব শিগগিরই এই চ্যাটবট মার্কিন যুক্তরাষ্ট্রে প্রাথমিকভাবে চালু হবে। এদিকে মেটাভার্স নিয়েও কাজ করছেন মার্ক জুকারবার্গ। একটি ভার্চুয়াল বিশ্ব তৈরিতে এখন পর্যন্ত কয়েক বিলিয়ন ডলার ব্যয় করেছেন তিনি। মেটা ইতোমধ্যেই তার নতুন ভার্চুয়াল রিয়েলিটি হেডসেট-কোয়েস্ট ৩ ঘোষণা করেছে। আগামী ইভেন্টে এ নিয়ে আরও বিস্তারিত প্রকাশ করবে।

লাইভস্ট্রিম শপিং চালু করছে

[redacted]

[redacted]

[redacted]

[

কমার্সের ক্ষেত্রেও নতুন অনেক পরিকল্পনা বাস্তবায়নের অপেক্ষায়। এই ফিচার টিকটকের শপিং সেবা প্রদানের সঙ্গে প্রতিযোগিতা করবে তা নিয়ে সন্দেহ নেই।

সূত্র: টেকক্রাঞ্চ

মেটার কৃত্রিম বুদ্ধিমত্তার প্রশিক্ষণ দিয়েছে পাবলিক পোস্ট

ব্যবহারকারীদের আরও ভালো ও রেসপন্সিভ অভিজ্ঞতা দিতেই মেটা চালু করেছে কৃত্রিম বুদ্ধিমত্তানির্ভর ভার্চুয়াল অ্যাসিস্ট্যান্ট। তারা জানিয়েছে, এই কৃত্রিম বুদ্ধিমত্তাকে ফেসবুক ও ইনস্টাগ্রামের পাবলিক পোস্ট ব্যবহার করে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। যেসব পোস্ট প্রাইভেট করা ছিল সেগুলো তারা ব্যবহার করেননি বলে আশ্বস্থ করেছেন।

এমনকি এই ট্রেনিং দেওয়ার ক্ষেত্রে মেসেজিং-এর ক্ষেত্রেও কোনো তথ্য নেওয়া হয়নি। পাবলিক পোস্ট থেকে গোপনীয় তথ্য ফিল্টার করার বিষয়েও উদ্যোগ নেওয়া হয়েছে।

মেটার বৈশ্বিক সম্পর্ক বিভাগের প্রেসিডেন্ট নিক ক্লেগ জানান, ‘যেসব ডাটাসেটে ব্যক্তিগত তথ্য বেশি রয়েছে আমরা সেগুলো বাদ দেওয়ার চেষ্টা করেছি।’ নতুন ভার্চুয়াল অ্যাসিস্ট্যান্টকে প্রশিক্ষণদানে ব্যবহৃত তথ্যের অধিকাংশই প্রকাশ্যে ছিল বলেও জানান তিনি। উদাহরণস্বরূপ তিনি লিংকডইনের কথা জানান। সেখানে ব্যক্তিগত তথ্য বেশি থাকায় প্রশিক্ষণের জন্য প্লাটফর্মটিকে এড়িয়ে যাওয়া হয়েছে।’

মেটার কৃত্রিম বুদ্ধিমত্তা বাদেও ওপেনএআই, গুগল বার্ডসহ একাধিক কৃত্রিম বুদ্ধিমত্তার ট্রেনিং করার ক্ষেত্রে ব্যবহারকারীদের ডাটা ব্যবহার নিয়ে অনেক সমালোচনা ইতোমধ্যে হয়েছে। অনুমতি ছাড়াই

ফটোশপ ওয়েবে যুক্ত হলো জেনারেটিভ এআই

বেটা সংস্করণ হিসেবে এডোব ফটোশপ ওয়েবে যুক্ত হলো জেনারেটিভ এআই। যেকোনো ব্রাউজারে কোনোকিছু ডাউনলোড করা ছাড়াই এখন ফটোশপ ওয়েবে এই সুবিধা ভোগ করা যাবে।

তবে এই সুবিধা পেতে ফটোশপের পেইড সাবস্ক্রিপশন খরিদ করতে হবে৷ পুরোপুরি ফ্রি কেউ ব্যবহার করতে পারবেন না। সাবস্ক্রিপশন প্ল্যান শুরু হচ্ছে ৯.৯৯ ডলার থেকে। তবে কেউ চাইলে ক্রেডিট কার্ডের তথ্য দিয়ে ৭ দিনের ফ্রি ট্রায়াল সুবিধা নিতে পারবেন।

নতুন এই সুবিধা ইতোমধ্যে এডোব ফায়ারফ্লাই এর সঙ্গে যুক্ত করা হয়েছে। জেনারেটিভ এআই এর ফিচারের মধ্যে রয়েছে অটো ফিল, জেনারেটিভ ফিল, জেনারেটিভ এক্সপান্ড। তাছাড়া টেক্সট কমান্ড দিয়ে গ্রাফিক যুক্ত করাসহ আরও একাধিক জেনারেটিভ ফিচার নতুন সুবিধায় পাওয়া যাবে। তাছাড়া কনটেক্সচুয়াল টাস্ক বারও বাড়তি সুবিধা দেবে বলে জানিয়েছে এডোব।

ফ্রিল্যান্সারদের আয়ের উৎসে কোনো কর দিতে হবে না: আইসিটি প্রতিমন্ত্রী

ফ্রিল্যান্সারদের আয়ের ওপর কোনো উৎসে কর দিতে হবে না। তথ্যটি স্পষ্টভাষায় জানিয়ে দিয়েছেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। গত ৩০ সেপ্টেম্বর ঢাকার একটি হোটেলে ফেলিসিটি ইন্টারনেট ডাটা সেন্টারের উদ্যোগে আয়োজিত

‘বিএফএসআই ক্লাউড এবং সাইবার সিকিউরিটি’ শীর্ষক নলেজ শেয়ারিং অনুষ্ঠানে প্রতিমন্ত্রী বাংলাদেশের ফ্রিল্যান্সারদের আশ্বস্ত করে বলেন, তাদেরকে কোনো উৎসে কর দিতে হবে না। তারা ট্যাক্সের আওতার বাইরে।

গত কয়েকদিন বিভিন্ন সংবাদমাধ্যমে প্রচার করা হচ্ছিলো যে, দেশের ফ্রিল্যান্সারদের বৈদেশিক আয়ের ওপর ১০% কর দিতে হবে। এমন খবর ছড়িয়ে পড়ায় ফ্রিল্যান্সারদের মধ্যে উদ্বেগ সৃষ্টি হয়। সামাজিক যোগাযোগমাধ্যমে এ নিয়ে বিরূপ মন্তব্য আসতে শুরু করে। এ বিষয়ে সরকারের অবস্থান পরিষ্কার করেছেন আইসিটি প্রতিমন্ত্রী।

প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক বলেন, বিভিন্ন মহলে গুজব ছড়ানো হচ্ছে যে, ফ্রিল্যান্সারদের কর দিতে হবে। এটা করে একটি চক্র বাংলাদেশের ভাবমূর্তি নষ্ট করার চেষ্টা করছে বলে অভিযোগ করেন তিনি। আইসিটি প্রতিমন্ত্রী বলেন, ‘গত ১৪ বছরে প্রযুক্তিবান্ধব আওয়ামী লীগ সরকার ফ্রিল্যান্সিং সেক্টরের উন্নয়ন ও বিকাশে ফ্রিল্যান্সারদের জন্য প্রশিক্ষণ, উদ্যোক্তা হিসেবে তৈরি করতে অনুদান প্রদান, তাদের আইডিসহ নানামুখী কার্যক্রম বাস্তবায়ন করেছে।’

বিভ্রান্তিটি তৈরি করা হয় গত ২৭ সেপ্টেম্বর বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ কর্তৃক ইস্যুকৃত ‘আয়কর আইন, ২০২৩ এর ১২৪ ধারা (আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর 52Q) অনুযায়ী সেবা, রেভিনিউ শেয়ারিং ইত্যাদি বাবদ প্রাপ্ত রেমিট্যান্সের উপর উৎসে কর কর্তন ও জমাদান প্রসঙ্গে’ ইস্যুকৃত একটি প্রজ্ঞাপন থেকে। তাতে বলা হয়, নতুন আয়কর আইন অনুসারে সকল উৎসকর নির্ধারিত কোডের অনুকূলে জমা দিতে হবে। এই প্রজ্ঞাপনে কোথাও ফ্রিল্যান্সারদের ১০% উৎসকর দেওয়ার কথা বলা নেই।

বাংলাদেশ ব্যাংকের ওই প্রজ্ঞাপনের সংযুক্তি জাতীয় রাজস্ব বোর্ডের কর অঞ্চল-১১ এর ১২ সেপ্টেম্বরের চিঠিতে ফি, সেবা চার্জ বা পারিশ্রমিক বা প্রকৃতির রেভিনিউ শেয়ারিংয়ের মাধ্যমে কাজের বিনিময়ে বিদেশ থেকে পাঠানো অর্থ কোনো ব্যক্তির হিসাবে পরিশোধ বা জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি প্রাপকের হিসাবে অর্থ পরিশোধ বা জমা প্রদানকালে উক্ত পরিশোধিত বা জমাকৃত অর্থের ওপর ১০% হারে কর কর্তন করার কথা উল্লেখ থাকায় এই বিভ্রান্তি তৈরি হয়। প্রকৃত পক্ষে, বিদেশ থেকে অর্জিত অর্থে কর আছে বটে, তবে তা ফ্রিল্যান্সারদের ক্ষেত্রে প্রযোজ্য নয়।

জাতীয় রাজস্ব বোর্ডের কর পরিদর্শক শাদনান মাহমুদ জানিয়েছেন, বাংলাদেশ ব্যাংকের জারিকৃত প্রজ্ঞাপনটি একদমই রুটিন প্রজ্ঞাপন। প্রজ্ঞাপনের কারণ হল সেবা খাত, রেভিনিউ শেয়ারিং খাত এইসব খাত থেকে বিদেশ থেকে যে আয় আসে, সেই আয়ের উপর যে কর তা আগে বিভিন্ন কর অঞ্চলে জমা দিতে হতো। নতুন আয়কর আইন আসার পর সরকার নিয়ম করেছে যে, এই খাতের কর বিভিন্ন কর অঞ্চলে জমা না দিয়ে মাত্র একটা কর অঞ্চলের কোডে জমা দেয়া লাগবে। ওই কর অঞ্চল ঢাকা-১১ সেটিই একটা চিঠি দিয়ে বাংলাদেশ ব্যাংককে মনে করিয়ে দিয়েছে। এর বেশি আর কোন কথা চিঠিতেও লেখা নেই।।

২০১৮ সালে Income-tax Ordinance, 1984 (Ord. No. XXXVI of 1984) এর সংশোধন করে ফ্রিল্যান্সারদের ওপর কর প্রত্যাহার করা হয়। আয়কর আইনে ফ্রিল্যান্সারদের কর দেওয়ার বিষয়টি বাতিল করা হয়েছে।